উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা।

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ৩০ জানুয়ারি ২০২২ খ্রিঃ, বেলা- ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট ''ক'' |

সভাপতি উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত ২৪.১১.২০২১ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(১) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত অর্থের প্রকল্প গ্রহণ ঃ-**

ক) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম, ২য় কিস্তিতে ২৪.৬৯ লক্ষ টাকা হারে এবং করোনা ভাইরাস প্রতিরোধে ৪.৩৫ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী পরবর্তী আরো ২ কিস্তি বরাদ্দ ধরে মোট ৪ কিস্তিতে (২৪.৬৯X ৪)= ৯৮.৭৬ লক্ষ(আঠানব্বই লক্ষ ছিয়াত্তর হাজার) টাকার প্রকল্প গ্রহণের নিমিত্তে নীতিমালা অনুযায়ী জরুরী ভিত্তিতে খাতওয়ারী উন্নয়ন প্রকল্পের প্রস্তাব দাখিলের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয় ও ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে বিগত সভায় অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে প্রকল্প তালিকা না পাওয়ায় প্রকল্প বাছাই কমিটি সভা করা সম্ভব হয়নি । এ বিষয়ে সভায় সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ** ক) ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) বরাদ্দ মোতাবেক প্রকল্প দাখিল করার জন্য চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইউপি চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। প্রকল্প প্রাপ্তির সাথে সাথে প্রকল্প বাছাই কমিটির সভার মাধ্যমে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প চূড়ান্ত করে প্রকল্পের তালিকা, প্রকল্প কমিটি ও প্রকল্পের প্রাক্কলন উপজেলা পরিষদের আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে পুনঃ অনুরোধ করা হয়।

উক্ত বরাদ্দের আলোকে সম্ভাব্য ০৪ কিস্তি হিসেবে ৯৮.৭৬,০০০.০০ (আঠানব্বই লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা ও ৫% সাশ্রয়কৃত টাকাসহ প্রকল্প গ্রহণ করার বিষয়ে বিগত সভার সিদ্ধান্তের আলোকে উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটির .০১.২০২২ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় যাছাই বাছাই পূর্বক প্রকল্পসমূহ এবং গুরুত্বপূর্ণ কিছু রাস্তা উন্নয়ন প্রকল্প অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সর্বসম্মত অনুমোদিত হয়।

সিদ্ধান্তঃ <u>২০২১-২২ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের স্কীম খাত ওয়ারী স্কীম সমুহের তালিকা।</u>

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির টিআর ও কাবিখা বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, মোহনগঞ্জ উপজেলায় ১৭ হাজার হেক্টর জমিতে বোরো ধান চাষ করা হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে ভাল ফলন হবে বলে আশা করা যায়। বাজারে সারের মজুদ সন্তোষজনক। নির্ধারিত মূল্যে সার বিক্রয় করা হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলাকৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা মোহনগঞ্জ,নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয় সমূহের শিক্ষা কার্যক্রমসহ তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ৮ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ, সভায় জানান তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি অফিসের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ৯ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান, তার দপ্তরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের শতভাগ ভাতা প্রদানের কার্যক্রমসহ অন্যান্য কার্যাদি সঠিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা । |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অবহিত করেন যে, ডিসেম্বর/২০২১ মাসের পরিবার পরিকল্পনা বিষয়ক বিভাগীয় কার্যক্রম পেশ করেন। মোট সক্ষম দম্পতির সংখ্যা ৩১৯১২ জন। মোট পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২৪৯৮৫ জন, মোট সিএআর ৭৮.২৯%, পুরুষ বন্ধ্যাকরণ ০৪ জন, মহিলা বন্ধ্যাকরণ ০৪ জন, ইমপ্ল্যানন ৯৬ জন, আইইউডি ১৪ জন। তিনি বলেন, উঠান বৈঠকের মাধ্যমে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম দ্রুত করার জন্য সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১১ | মেডিকেল অফিসার (এমসি. এইচ,এফ-পি) | (এমসি.এইচ. এফ-পি) মেডিকেল বিভাগ ঃ মেডিকেল অফিসার(এমসিএইচ,এফ-পি.)জানান, ডিসেম্বর-২০২১ মাসে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের মধ্যে গর্ভবতী মায়ের যত্ন ২৯৭ জন, ডেলিভারী ১১১ জন, গর্ভোত্তর যত্ন ৩১৮ জন, ০-০৫ বছরের শিশু পরিচর্যা-২৯৭ জন এবং সাধারণ রোগী পরিচর্যা করা হয়েছে ২৭১৭ জন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, মেডিকেল অফিসার (এমসি.এইচ. এফ-পি) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মেডিকেল অফিসার (এমসি.এইচ. এফ-পি) মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) এর ভবন নির্মাণের জন্য ইতোমধ্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উপজলা পরিষদ কর্তৃক বরাদ্দকৃত স্থনে ২টি ছোট গাছ আছে। উক্ত গাছ দুইটি অপসারণ/বিক্রয় করে ভবন নির্মাণের উপযোগী করার জন্য উপজেলা পরিষদ সভায় অনুরোধ জানানো হয়। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৫.০৮.২০০৭ তারিখের ৩৮৪ নং স্মারকের পরিপত্র মোতাবেক উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন উক্ত গাছ দুইটি নিলামে বিক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। নিলাম কমিটিতে প্রতিনিধি মনোনয়নের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় বরাবরে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়, নিলাম কমিটিতে চেয়ারম্যান, ১নং বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদকে মনোনয়ন করা হয় এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও ফরেস্টার, বন বিভাগ মোহনগঞ্জ । |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে মোটর সাইকেল ও জীপগাড়ী সুষ্ঠু ও নিরাপদে রাখার জন্য একটি সেড নির্মাণ করা প্রয়োজন। এতে অফিস চলাকালীন সময়ে গাড়ীগুলি নিরাপদে সংরক্ষণের জন্য সিসি ক্যামেরা স্থাপন করা যেতে পারে। এছাড়া তার অফিসের | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী/ যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না । | পরবর্তী সভাসমূহে উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো | উপজেলা সমবায় কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, ০১ জানুয়ারি ২০২২ থেকে সকল প্রশিক্ষণ কার্যক্রম চলছে। ভিজিডি ও মাতৃত্ব ভাতাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান তার উপজেলার সকল নলকূপের আর্সেনিক পরীক্ষা করা হচ্ছে। সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না । | পরবর্তী সভাসমূহে উপস্থিত থাকার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৭ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটির সভা করে উপজেলা পরিষদের আবাসিক ভবনের ভাড়া পার্শ্ববর্তী মালিকানা বাসার ভাড়ার সাথে সংগতিপূর্ণ করে নির্ধারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৯ | দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ২০ | উপজেলা রিসোর্স সেন্টার | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,মোহনগঞ্জ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য ইনস্ট্রাক্টর , উপজেলা রিসোর্স সেন্টার, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার মোহনগঞ্জ, |
| ২১ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি । | পরবর্তী সভাসমূহে নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২২ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ সভায় জানান এ পর্যন্ত ৪২৮ মেঃ টন চাল সংগ্রহ করা হয়েছে। ধান সংগ্রহের লক্ষ্য মাত্রা ছিল ৫৫১ মেঃ টন। এ পর্যন্ত ০১ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৩ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও জানান। সভায় বিগত কয়েকদিন পূর্বে ডিজিএম মহোদয়ের স্ত্রীর অকাল মৃত্যুতে উপস্থিত সকলেই দুঃখ প্রকাশ করেন এবং উনার আত্মার মাগফেরাৎ কামনা করে সভায় এক মিনিট নিরবতা পালন করা হয়। উপজেলা পরিষদ সভায় শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | প্রতিবন্ধী বিষয়ক অফিস | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিল হতে উপজেলা প্রতিবন্ধী অফিসে "অটিজম কর্ণার" স্থাপন করার অনুরোধ করেন। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ২৫ | জাইকা প্রকল্প | সভায় ইউডিএফ জনাব মোঃ আবু বকর সিদ্দিক জানান, নভেম্বর মাসের জাইকা প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে। বাকী প্রশিক্ষণগুলি ডিসেম্বরের মধ্যে কাজে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ইউডিএফ, ইউজিডিপি, এলজিডি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, ইউজিডিপি, এলজিডি মোহনগঞ্জ। |
| ২৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান, প্রতি মাসেই উঠান বৈঠকসহ প্রয়োজনীয় নারী বান্ধব কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প মোহনগঞ্জ, |
| ২৭ | গাগলাজুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপির ২০২১-২০২২ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থে দ্রুত প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়নের অনুরোধ করেন। তিনি পারি উন্নয়ন বোর্ডের প্রকল্প গুলি অতিদ্রুত শেষ করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, মার্চ-এপ্রিলে বৃষ্টি শুরু হয়ে ফলে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সমস্যা হয়। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড এবং চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ। |
| ২৮ | বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাকে ১ জানুয়ারি বই বিতরণ অনুষ্ঠানে উপস্থিত না থেকে পরের দিন হাজিরা খাতায় স্বাক্ষর করেন। তিনি প্রায়শই বিভিন্ন জাতীয় দিবসে বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়নসহ উপজেলার ০৪টি ইউনিয়নের এক বা একাধিক গ্রাম পুলিশ(মহল্লাদার) পদ শূন্য থাকায় সরকারি কাজ বাস্তাবায়নে খুবই সমস্যা হচ্ছে। তিনি জরুরিভিত্তিতে শুন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | জরুরিভিত্তিতে শূন্য পদের তালিকা সংগ্রহ করে নিয়োগ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৯ | সমাজ-সহিলদেও ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের ০৬ নং ও ০৯ নং ওয়ার্ডে খুচরা সার ডিলার না থাকায় সাধারণ কৃষকের খুবই সমস্যা হচ্ছে। তিনি জরুরি ভিত্তিতে উল্লিখিত ০২টি ওয়ার্ডে খুচরা সার ডিলার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া জন্ম-মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ অফিসের স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ, |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

খ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত ইউপি নির্বাচনে ০৭ জন নব নির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাগত জানান। তিনি বলেন, বিগত সময়ের ধারাবাহিকতায় উপজেলা পরিষদের উন্নয়ন কার্যক্রমসহ সার্বিক কার্যাদি পরিচালনা করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, উপজেলার ০৫টি কমিউনিটি ক্লিনিকের প্রায় সবগুলিই প্রায়শই বন্ধ থাকে। এলাকার সাধারণ জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কমিউনিটি ক্লিনিকগুলি প্রতিদিন চালু রাখা জরুরি বিধায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি বলেন, উপজেলা পরিষদ কার্যালয়ে দৈনিক মজুরীর ভিত্তিতে জনাব মোঃ সুজন মিয়া নামে একজন ঝাড়ুদার ছিল। তিনি বিগত প্রায় ২ বৎসর যাবৎ কর্মস্থলে অনুপস্থিত। তিনি ইতিমধ্যে বিভিন্ন মাদক মামলাভুক্ত আসামী। ফলে অফিসের কার্যক্রমে ভিষন সমস্যা হচ্ছে। তিনি উক্ত ঝাড়ুদারের পরিবর্তে নতুন ঝাড়ুদার

CS CamScanner

নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ যেহেতু জনাব মোঃ সুজন মিয়া, ঝাড়ুদার, দীর্ঘ প্রায় ২ বৎসর যাবৎ কর্মস্থলে অনুপস্থিত সেহেতু সরকারী কাজের স্বার্থে উক্ত কর্মচারীর পরিবর্তে দৈনিক মজুরীর ভিত্তিতে নতুন ঝাড়ুদার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

গ) উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের প্যাকেজ নং INF-২০১৮-১৯-৪৫৭২৬৩-০২ এর আওতায় উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠনে শিক্ষা উপকরন হিসেবে উচু-নিচু বেঞ্চ সরবরাহ কাজে নিয়োজিত ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত করে ভ্যাট ও আয়কর সহ ১২২৮৫০০/- টাকার বিল দাখিল করায় তা পরিশোধ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ উচু-নিচু বেঞ্চ সরবরাহ কাজের বিলটি অনুমোদন দেওয়া হয় এবং বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

ঘ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, অডিটরিয়াম ভবনের কাজটি সমাপ্ত প্রায়। কাজটি অনুমোদন ডিজাইন মোতাবেক বাস্তবায়ন করা হয়েছে। ডিজাইন ভবনের বাহির পার্শ্বে ক্লেডিং ব্রিক্স ধরা ছিল কিন্তু প্রাক্কলনের অন্তর্ভূক্ত ছিলনা। যাহা সংশোধিত প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা হলে অতিরিক্ত ৩০,৩১,৯৪২.০০ টাকার প্রয়োজন হতো। সে জন্য ক্লেডিং ব্রিক্স এর পরিবর্তে বাহিরে রুল পয়েন্টিং এবং ওয়েদারকোট সংশোধিত প্রাক্কলনের অন্তর্ভুক্ত করা হইয়াছে। পশ্চিম পার্শ্বে এবং দক্ষিণ পার্শ্বে ডিজাইন মোতাবেক ফুটিংসহ সীমানা প্রাচীর নির্মার্ণ করা হয়েছে এবং উত্তর পার্শ্বে রিটেইনিং ওয়ালসহ সীমানা প্রাচীর নির্মার্ণ করা হয়েছে, যাহা সংশোধিত প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা হয়েছে। গ্রীলের কাজ, কন্টোল রুমের কাজ সংশোধিত প্রাক্কলনের অন্তর্ভুক্ত করা হইয়াছে। প্রাক্কলনে মেশিন মেইড ব্রিক্স ধরা ছিল কিন্তু ডিজাইনে নাই বিধায় তাহা সংশোধিত প্রাক্কলনে বাদ দেওয়া হয়েছে। ভবনের স্থানটি নীচু থাকায় মাটি ভরাট আইটেমে, ভবনের সিঁড়ি, ছাদের উপরে কংক্রিট স্ক্রিডিং কাজ, আর সি সি কাজ, এমএস রড এবং সীমানা প্রাচীর ফুটিং ওয়াল ছাড়াও রিটেইনিং ওয়াল দ্বারা নিমার্ন করা হইয়াছে বিধায় টাকা বৃদ্ধি পেয়েছে, যাহা সংশোধিত প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। ভবনের বাহিরে পেভমেন্ট এরিয়া, প্লান্টেশন এরিয়াসহ বিভিন্ন আইটেম টাকা কমেছে, সংশোধিত প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। ৬,৫২,৮৭,৮৩৭.০২ টাকার সংশোধিত প্রাক্কলন গত ৩১/০৮/২১ইং তারিখের আগষ্ট ২০২১ মাসের উপজেলা পরিষদের সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হওয়ায় গত ০৩/১০/২০২১ তারিখে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের লক্ষে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়। তৎপেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের উপজেলা ২ শাখার উপ সচিব মহোদয় টেলিফোনিক ভাবে জানান যে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলা উন্নয়ন সহয়তা থোক বরাদ্দ হতে বাস্তবায়িত কাজ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা নভেম্বর, ২০১৪ এর অনুচ্ছেদ ৮(৪) এর আলোকে সংশোধিত প্রাক্কলন উপজেলা পরিষদ অনুমোদন করবেন।

ইতি মধ্যে পল্লী বিদ্যুৎ সমিতি মোহনগঞ্জকে অডিটরিয়ামে বিদ্যুৎ সংযোগ প্রদানের অনুরোধ করা হলে পল্লী বিদ্যুৎ সমিতি ৩,১৩,৩০২.০০ টাকার একটি প্রাক্কলন প্রদান করে এবং বিদ্যুৎ সংযোগের নিমিত্তে বেশকিছু আইটেম ক্রয়ের জন্য বলেন। সেমতে বৈদ্যুতিক সংযোগ প্রদানের প্রয়োজনীয় আইটেম প্রাক্কলনে অর্ন্তভুক্ত করে পুনরায় ৬,৫৬,৬৮,৫১০.৮১ টাকার সংশোধিত প্রাক্কলন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করা হয়, যাহা চুক্তি মূল্য অপেক্ষা ১৪,১৭০.২৩ টাকা অর্থাৎ (০.০২১%) কম। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ ৬,৫৬,৬৮,৫১০.৮১ (ছয় কোটি ছাপ্পান্ন লক্ষ আটষট্টি হাজার পাঁচশত দশ) টাকার সংশোধিত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

ঙ) ডিসেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৯.০১.২০২২ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃনং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার ডিসেম্বর/২০২১ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২১ মাসের ভ্রমণ বিল । | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২১ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার নভেম্বর/২০২১ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর ডিসেম্বর/২০২১ মাসের মজুরী প্রদান। | ১০০০০/- |

CamScanner

| | | |
|---|---|---|
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের ডিসেম্বর/২০২১ মাসের সভার আপ্যায়ন ,আনুষঙ্গিক ব্যয় | ২০,০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ডিসেম্বর-২০২১ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির ডিসেম্বর- ২০২১ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় বাবদ। | ৮,০০০/- |
| ১১ | উপজেলা পরিষদের জীপগাড়ীর অক্টোবর-ডিসেম্বর ২০২১ মাসের জ্বালানী ব্যয় বিল। | ৬৪,২৬৬/- |
| ১২ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে করোনা ভাইরাস প্রতিরোধে মোহনগঞ্জ হাসপাতালের করানা টিকা সংরক্ষণের এসি কক্ষের জেনারেটরের জ্বালানী বাবদ ও অন্যান্য জরুরি প্রয়োজন মেটানো বাবদ। | ৫০,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৬৪ (৪০)

তারিখঃ ৩০.০১.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ..........................................................................অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,..................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

৩০/০১/22

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

CamScanner